টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি

# DTaP (ডিপথেরিয়া, টিটেনাস, পারটুসিস) টিকা: *আপনাকে যা জানতে হবে*

Many Vaccine Information Statements are available in Bengali and other languages. See www.immunize.org/vis

অনেক টিকা-সম্বন্ধীয় তথ্য বিবৃতি বাংলা এবং অন্যান্য ভাষায় উপলভ্য রয়েছে। www.immunize.org/vis-এ দেখুন

## 1. কেন টিকা নিতে হবে?

**DTaP টিকা ডিপথেরিয়া**, **টিটেনাস**, এবং **পারটুসিস** প্রতিরোধ করতে পারে।

ডিপথেরিয়া এবং পারটুসিস মানুষ থেকে মানুষে ছড়িয়ে পড়ে। টিটেনাস কাটা বা ক্ষতের মাধ্যমে শরীরে প্রবেশ করে।

- **ডিপথেরিয়া (DIPHTHERIA, D)** শ্বাস নিতে অসুবিধা, হৃদযন্ত্রের বিকলতা, পক্ষাঘাত বা মৃত্যুর কারণ হতে পারে।
- **টিটেনাস (TETANUS, T)** পেশীগুলির ব্যাথাপূর্ণ শক্ত হয়ে যাওয়ার কারণ হয়। টিটেনাসের ফলে মুখ খুলতে অক্ষম হওয়া, গিলতে এবং শ্বাস নিতে সমস্যা হওয়া বা মৃত্যু সহ গুরুতর স্বাস্থ্য সমস্যা হতে পারে।
- **পারটুসিস (PERTUSSIS, aP),** যা "হুপিং কাশি" নামেও পরিচিত, এটি অনিয়ন্ত্রিত, প্রবল কাশির কারণ হতে পারে যা শ্বাস নেওয়া, খাওয়া বা পান করা কঠিন করে তোলে। পারটুসিস অত্যন্ত গুরুতর হতে পারে বিশেষ করে শিশু এবং ছোট বাচ্চাদের মধ্যে, যার ফলে নিউমোনিয়া, খিঁচুনি, মস্তিষ্কের ক্ষতি বা মৃত্যু হতে পারে। কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের মধ্যে, এটি ওজন হ্রাস পাওয়া, মূত্রাশয়-সংক্রান্ত নিয়ন্ত্রণ হারানো, অচেতন হয়ে যাওয়া, প্রচণ্ড কাশির ফলে পাঁজর ভেঙে যাওয়ার কারণ হয়ে উঠতে পারে।

## 2. DTaP টিকা

DTaP শুধুমাত্র 7 বছরের কম বয়সী শিশুদের জন্য। টিটেনাস, ডিপথেরিয়া এবং পারটুসিস (Tdap এবং Td) এর বিরুদ্ধে বিভিন্ন টিকা বড় শিশু, কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের জন্য উপলভ্য।

সাধারণত নিম্নলিখিত বয়সে, শিশুদের 5টি ডোজ DTaP গ্রহণ করার সুপারিশ করা হয়:

- 2 মাস
- 4 মাস
- 6 মাস
- 15–18 মাস
- 4-6 বছর

DTaP টিকা একটি স্বতন্ত্র টিকা হিসাবে বা একটি সংমিশ্রণ টিকার (এক ধরনের টিকা যা একটি শটে একাধিক টিকাকে একত্রিত করে) অংশ হিসাবে দেওয়া যেতে পারে।

DTaP অন্যান্য টিকার সাথে একই সময়ে দেওয়া যেতে পারে।

## 3. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন

আপনার টিকাকরণ প্রদানকারীকে বলুন যদি টিকা গ্রহণকারী ব্যক্তি/ব্যক্তির:

- **টিটেনাস, ডিপথেরিয়া, বা পারটুসিস থেকে রক্ষা করে এমন কোনো টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো অ্যালার্জির প্রতিক্রিয়া হয়ে থাকে**, বা তার কোনো **গুরুতর, প্রাণ-সংশয়কারী অ্যালার্জি হয়ে থাকে**
- যেকোনো পারটুসিস টিকা **(DTP বা DTaP) নেওয়ার 7 দিনের মধ্যেকোমায় চলে গিয়ে থাকেন, চেতনার মাত্রা কমে গিয়ে থাকে বা দীর্ঘস্থায়ী খিঁচুনি হয়ে থাকে**
- **খিঁচুনি বা অন্য স্নায়ুতন্ত্রের সমস্যা থাকে**
- কখনও **Guillain-Barré Syndrome (গিলাইন-বারে সিন্ড্রোম)** হয়ে থাকে (যাকে "GBS"ও বলা হয়)
- **টিটেনাস বা ডিপথেরিয়ার বিরুদ্ধে সুরক্ষা দেয় এমন কোনও টিকার পূর্ববর্তী ডোজের পরে তীব্র ব্যথা বা ফোলা হয়ে থাকে**

কিছু ক্ষেত্রে, আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারী একটি ভবিষ্যত সাক্ষাৎ পর্যন্ত DTaP টিকাকরণ স্থগিত করার সিদ্ধান্ত নিতে পারেন।

সর্দি-কাশির মতো ছোটখাটো অসুস্থতায় আক্রান্ত শিশুদের টিকা দেওয়া যেতে পারে। মাঝারি বা গুরুতর অসুস্থ শিশুদের সাধারণত DTaP টিকা নেওয়ার আগে সুস্থ না হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত।

আপনার শিশুর স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে আরও তথ্য দিতে পারবেন।

U.S. Department of Health and Human Services
Centers for Disease Control and Prevention

## 4. কোনো টিকাজনিত প্রতিক্রিয়ার ঝুঁকি

- কখনও কখনও DTaP টিকাকরণের পরে যেখানে শট দেওয়া হয়েছিল সেখানে ব্যথা বা ফোলাভাব, জ্বর, অস্বস্তি, ক্লান্ত বোধ করা, খিদে কমে যাওয়া এবং বমি হয়।
- DTaP টিকাকরণের পরে আরও গুরুতর প্রতিক্রিয়া, যেমন খিঁচুনি, 3 ঘন্টা বা তার বেশি সময় ধরে অবিরাম কান্নাকাটি করা, বা খুব বেশি জ্বর (40.5°C [105°F]-এর বেশি) খুবই কম ঘটে। বিরল ক্ষেত্রে, টিকাকরণের পরে পুরো বাহু বা পা ফুলে যায়, বিশেষ করে বড় বাচ্চাদের ক্ষেত্রে যখন তারা চতুর্থ বা পঞ্চম ডোজ পায়।

যেকোন ওষুধের মতোই, কোনো টিকার মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া, অন্যান্য গুরুতর আঘাত বা মৃত্যুর কারণ হওয়ার খুব প্রত্যন্ত সম্ভাবনা রয়েছে।

## 5. যদি কোনো গুরুতর সমস্যা হয় তাহলে কী হবে?

টিকা প্রাপ্ত ব্যক্তি ক্লিনিক ছেড়ে চলে যাওয়ার পরে একটি অ্যালার্জির প্রতিক্রিয়া ঘটতে পারে। আপনি যদি কোনো গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার লক্ষণ দেখেন (আমাবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাস নিতে অসুবিধা, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা বা দুর্বলতা), তাহলে **9-1-1** নম্বরে কল করুন এবং ব্যক্তিটিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান।

আপনার উদ্বেগের অন্যান্য লক্ষণগুলির জন্য, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

প্রতিকূল প্রতিক্রিয়াগুলি টিকার প্রতিকূল ঘটনার রিপোর্টিং সিস্টেম (Vaccine Adverse Event Reporting System, VAERS) এর কাছে রিপোর্ট করা উচিত। সাধারণত আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী এই রিপোর্টটি দায়ের করবেন, অথবা আপনি নিজেই এটি করতে পারেন। **www.vaers.hhs.gov**-এ VAERS ওয়েবসাইটে যান বা **1-800-822-7967** নম্বরে কল করুন। *VAERS শুধুমাত্র প্রতিক্রিয়া রিপোর্ট করার জন্য, এবং VAERS কর্মী সদস্যরা চিকিৎসা-সম্বন্ধীয় পরামর্শ দেন না।*

## 6. জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী

জাতীয় টিকাজনিত আঘাতের ক্ষতিপূরণ কর্মসূচী (National Vaccine Injury Compensation Program, VICP) হল একটি ফেডারেল প্রোগ্রাম যা নির্দিষ্ট টিকার দ্বারা আহত হতে পারে এমন লোকেদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তৈরি করা হয়েছিল। টিকাকরণের কারণে তথাকথিত আঘাত বা মৃত্যু সংক্রান্ত দাবিগুলি দায়ের করার জন্য একটি সময়সীমা রয়েছে, যা দুই বছরের মতো কম সময়ের হতে পারে। কর্মসূচীটি সম্পর্কে এবং দাবি দায়ের করার বিষয়ে জানতে **www.hrsa.gov/vaccinecompensation**-এ VICP ওয়েবসাইটে যান অথবা **1-800-338-2382** নম্বরে কল করুন।

## 7. আমি কিভাবে আরও জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- আপনার স্থানীয় বা স্টেটের স্বাস্থ্য বিভাগে কল করুন।
- টিকার প্যাকেজ সন্নিবেশসমূহ এবং অতিরিক্ত তথ্যের জন্য খাদ্য এবং ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) এর ওয়েবসাইট **www.fda.gov/vaccines-blood-biologics/vaccines**-এ যান।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের সাথে যোগাযোগ করুন (Centers for Disease Control and Prevention, CDC):
  - কল করুন **1-800-232-4636 (1-800-CDC-INFO)** অথবা
  - CDC-এর ওয়েবসাইট **www.cdc.gov/vaccines**-এ যান।

Bengali translation provided by Immunize.org